বি এস এন এল ক্যাজুয়াল মজদুর ইউনিয়ন
পশ্চিমবঙ্গ সার্কেল
(রে. জি. নং ২৪০৩৮)
২৪৯ডি, বি বি গাঙ্গুলী স্ট্রীট, কলকাতা - ৭০০ ০১২

বি এস এন এল সি এম ইউ/সার্কুলার-১৬/২০১০ তারিখ ১৮-১১-২০১০

বিভাগীয় এবং শাখা সম্পাদকগণ,
কমরেডস,

প্রাদেশিক সংগঠনের সিদ্ধান্ত অনুযায়ী গত ৩রা নভেম্বর,২০১০ প্রাদেশিক সংগঠনের পক্ষ থেকে সি জি এম টি, পশ্চিমবঙ্গ সার্কেলকে" লাগাতার অনশন কর্মসূচীর" নোটিশ প্রদান করা হয়। নোটিশ পাওয়ার পরে গত ১৫-১১-২০১০ তারিখে সি. জি.এম.টি. পশ্চিমবঙ্গ সার্কেল প্রাদেশিক সম্পাদককে কর্মসূচী স্থগিত করার জন্য অনুরোধ করেন। চিঠিতে তিনি জানান যে ক্যাজুয়াল কর্মচারীদের দীর্ঘদিনের জ্বলন্ত সমস্যা সমাধানের জন্য গত ৪ঠা নভেম্বর,২০১০ দিল্লীতে ডাইরেকটর (এইচ আর ডি)-র সঙ্গে দেখা করে সহানুভূতির সঙ্গে বিবেচনার জন্য বলেন। তিনি আশাবাদী এই বিষয়ে বি এস এন এল এর প্রধান কার্যালয় থেকে সামাজিক সুরক্ষা বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নেবেন। তাই তিনি শিঘ্রেরউন্নতি র বিরোধিতা না করার জন্য বলেন।

জয়েন্ট অ্যাকশন কমিটির আহ্বানে গত ১৫ই নভেম্বর,২০১০ দিল্লীতে পার্লামেন্ট অভিযান কর্মসূচীর পালনের পর বিকাল পাঁচটায় সি. এম. ডি বি. এস এন এল এবং ১৬ই নভেম্বর,২০১০ জি এম (এস্টাবলিশমেন্ট) এর সাথে ক্যাজুয়াল-কন্ট্রাকট কর্মচারীদের সমস্যা নিয়ে আলোচনা হয়। আলোচনা সভায় উপস্থিত ছিলেন কম. পি. অভিমন্যু, সাধারণ সম্পাদক, বি এস এন এল ই ইউ, কম. ভি. এ. এন. নাম্বুদিরি, সভাপতি, বি এস এন এল ই ইউ ও সি সি ডব্লিউ এক, কম. অশোকা বাবু, উপ- সাধারণ সম্পাদক, কম.অনিমেষ মিত্র, প্রাদেশিক সম্পাদক, বি এস এন এল ই ইউ, প: বঙ্গ সার্কেল এবং কম. তাপস কুমার ঘোষ প্রাদেশিক সম্পাদক, বি এস এন এল সি. এম. ইউ.। সভায় নিম্নলিখিত বিষয়গুলি আলোচনা হয়:-

(০১) ক্যাজুয়াল -কন্ট্রাকট কর্মচারীদের সামাজিক সুরক্ষা :- ক্যাজুয়াল কর্মচারীদের সামাজিক সুরক্ষা বিষয়ে সি. এম. ডি বি এস এন এল এবং জি. এম. (এসটাবলিশমেন্ট) উভয়েই জানান যে আগামী বি এস এন এল বোর্ড মিটিং এ আমরা ক্যাজুয়াল কর্মচারীদের সামাজিক সুরক্ষা বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন। তিনি উল্লেখ করেন যে কন্ট্রাকট ক্যাজুয়াল কর্মচারীদের বেতনের পদ্ধতি এবং সামাজিক সুরক্ষার বিষয়ে আদেশ নামা এবং ক্যাজুয়াল কর্মচারীদের বিষয়েও দৈনিক মজুরী সম্বন্ধে সুনির্দিষ্ট আদেশ জারি করেছেন এই বছরে। দ্বিতীয় পদক্ষেপ ক্যাজুয়াল কর্মচারীদের সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে উদ্যোগ গ্রহণ করেছেন। ফলে আমাদের লাগাতার অনশন কর্মসূচী স্থগিত করার জন্য অনুরোধ করেন।

(০২) লেফট আউট ক্যাজুয়াল কর্মচারীদের টি এস এম স্ট্যাটাস প্রদান:- টি এস এম স্ট্যাটাস প্রদানের বিষয়ে তিনি জানান যে এটি ডিপার্টমেন্ট অফ টেলিকম, ভারত সরকারের স্কীম। যা দেশের সর্বোচ্চ আদালতের দেওয়া ১০ই এপ্রিল,২০০৬ আদেশ নামার পরে ঐ স্কীমের বৈধতা নেই। স্কীমের বৈধতার বিষয়ে পক্ষে কমরেড অনিমেষ মিত্র জানান যে দেশের সর্বোচ্চ আদালতের অন্তর্বর্তী রায়ের ভিত্তিতে ওড়িষ্যা র ই টি. আর বিভাগের ক্যাজুয়াল কর্মচারীদের টি এস এম স্ট্যাটাস প্রদান করেছেন। যার চিফ জেনারেল ম্যানেজার বসেন কলকাতায় যা পশ্চিমবঙ্গ সার্কেলের ক্যাজুয়াল কর্মচারীদের কর্তৃপক্ষের এই অবিচারের ফলে ক্ষোভের সঞ্চার হচ্ছে। ফলে সি. এম. ডি জানান যে বিষয়টি তদন্ত করবেন।

(০৩) ক্যাজুয়াল কর্মচারীদের বিভাগীয়করণ :- ক্যাজুয়াল কর্মচারীদের বিভাগীয়করণ প্রসঙ্গে সি এম ডি বি এস এন এল জানান যে ক্যাজুয়াল কর্মচারীদের নিয়োগ দেশের সর্বোচ্চ আদালতের রায় অনুযায়ী হয়নি। সে বিষয়ে নেতৃবৃন্দ আমাদের যুক্তির কথা বলেন যে ঐএকই রায় অনুযায়ী কেন্দ্রীয় সরকারের সমস্ত দপ্তরের ক্যাজুয়াল কর্মচারীদের বিভাগীয়করণ হয়েছে। সি এম ডি এ বিষয়ে জানান যে ক্যাজুয়াল কর্মচারীদের বিভাগীয়করণ সম্বন্ধে অনুসন্ধান করবেন।

(০৪) জাঠা কর্মসূচী :- আগামী ২৫-২৭শে নভেম্বর,২০১০ বি এস এন এল এমপ্লয়িজ ইউনিয়ন এর আহ্বানে যে জাঠা কর্মসূচীর আহ্বান জানিয়েছে তা সর্বাত্মকভাবে সফল করার জন্য বিভাগীয় ও শাখা সম্পাদকদের অনুরোধ করা হচ্ছে সর্বত্র ১০০শতাংশ অংশগ্রহণ করতে হবে। আগামী ২৭শে নভেম্বর,২০১০ কলকাতার রানী রাসমণি রোডে এই জাঠা কর্মসূচী শেষ করা হবে। ফলে দক্ষিণবঙ্গের বিভাগীয় ও শাখা সম্পাদকদের অনুরোধ করা হচ্ছে ঐদিন ৯০ শতাংশ সদস্যদের উপস্থিত হবে বেলা ১টার সময় সি. জি. এম. টি. অফিসে। বক্তা কমরেড বাসুদেব আচারিয়া, সাংসদ।

ফলে প্রধান আধিকারিক সি. এম. ডি. বি এস এন এল এবং সার্কেলের প্রধান সি. জি. এম টি-র কর্মসূচী স্থগিত করার জন্য অনুরোধ করেন। ফলে দুটি প্রাদেশিক সংগঠনের নেতৃবৃন্দ জরুরী ভিত্তিতে এক সভা অনুষ্ঠিত হয়। সমস্ত বিষয়ে পর্যালোচনা করে সিদ্ধান্ত হয় যে প্রশাসনের অনুরোধ কে সম্মান জানিয়ে কর্মসূচী সাময়িকভাবে স্থগিত করা হয় এবং একই সঙ্গে সি. জি. এম টি প: ব: কে চিঠি দিয়ে ১০ দিনের মধ্যে সামাজিক সুরক্ষার বিষয়ে আদেশ না বেরোলে বৃহত্তর লড়াই এবং সমস্ত অসহযোগিতা করবে সংগঠন। এবং তা ক্যাজুয়াল মজদুর ইউনিয়ন এর বর্ধিত সভা থেকে সিদ্ধান্ত গৃহীত হবে।

অভিনন্দন সহ

তাপস কুমার ঘোষ

(তাপস কুমার ঘোষ)
প্রাদেশিক সম্পাদক

প্রতিলিপি : কম. অনিমেষ মিত্র, প্রাদেশিক সম্পাদক, বি এস এন এল ইউ, প: ব:।